# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৫৮

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ যে হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো পূর্বে বর্ণিত জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত হাদীসের বিপরীত

## ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهِمُ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْحَدِيثِ أَنَّهُ مُضَادٌّ لِخَبَرِ جَابِرٍ الَّذِي ذكرناه

আরবী

3558 ـ أَخْبَرَنَا خَالِدُ بْنُ النَّضْرِ بْنِ عَمْرٍو الْقُرَشِيُّ أَبُو زَيْدٍ بِالْبَصْرَةِ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ غِيَاثٍ قَالَ: حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ مَنْصُورٍ عَنْ مُجَاهِدٍ عَنْ طَاوُسٍ ، عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: خَرَجَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم مِنَ الْمَدِينَةِ إِلَى مَكَّةَ فَصَامَ حَتَّى بَلَغَ عُسْفَانَ ثُمَّ دَعَا بِمَاءٍ فَرَفَعَهُ إِلَى يَدِهِ لِيَرَاهُ النَّاسُ فَأَفْطَرَ حَتَّى قَدِمَ مَكَّةَ وَذَلِكَ فِي رَمَضَانَ وَكَانَ ابْنُ عَبَّاسٍ يَقُولُ: قَدْ صَامَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَأَفْطَرَ فَمَنْ شَاءَ صَامَ وَمَنْ شَاءَ أفطر.

الراوي : ابْن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3558 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2080): ق.

বাংলা

৩৫৫৮. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদীনা থেকে মক্কার উদ্দেশ্যে বের হন। অতঃপর তিনি উসফান নামক জায়গা যাওয়া অবধি সিয়াম রাখেন। তারপর তিনি পানি আনতে বলেন। অতঃপর তিনি তা তাঁর হাতে উঠান, যাতে লোকজন তা দেখতে পান। তারপর তিনি মক্কায় আগমন করা পর্যন্ত সিয়াম ভঙ্গ করেন। এটা হয়েছিল রমযান মাসে।”

ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু বলতেন, “নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিজে সিয়াম রেখেছেন এবং সিয়াম ভঙ্গ করেছেন। কাজেই যে ব্যক্তি চায় সিয়াম রাখতে পারেন এবং যে ব্যক্তি চায় সিয়াম ভঙ্গও করতে পারেন।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/২৯১; সহীহুল বুখারী: ১৯৪৮; আবূ দাঊদ: ২৪০৪; সহীহ মুসলিম: ১১১৩; নাসাঈ: ৪/১৮৪; তাবারানী: ১০৯৪৫; তাহাবী: ২/৬৭; সুনান বাইহাকী: ৪/২৪৩; ইবনু মাজাহ: ১৬৬১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২০৮০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92892

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন